দৈনিক সংবাদ

191

তারিখ ... ... ... DEC..2 2.1999
পৃষ্ঠা 2 কলাম 9......





ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে সভাপতি পদে নির্বাচিত নীল দলের ডঃ আর আই এম আমিনুর রশিদ ও সাধারণ সম্পাদক পদে সাদা দলের ফেরদৌস হোসেন।

## ঢাঃ বিঃ শিক্ষক সমিতি নির্বাচন

# নীল প্যানেলের সভাপতিসহ ৮টি সাদা প্যানেলের সাঃ সম্পাদকসহ ৭টি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে সরকার সমর্থক নীল প্যানেল সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হয়েছে। গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত ১৫টি পদের এ নির্বাচনে নীল প্যানেল সভাপতিসহ ৮টি পদে এবং সাদা প্যানেল সাধারণ সম্পাদকসহ ৭টি পদে বিজয়ী হয়েছে।

সভাপতি নির্বাচিত হয়েছেন নীল প্যানেলের প্রার্থী পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ড. আর আই এম আমিনুর রশীদ। তিনি পেয়েছেন ৫শ' ভোট। তার প্রতিদ্বন্দ্বী সাদা দলের প্রার্থী মৃত্তিকা বিজ্ঞানের অধ্যাপক ও বিএনপি আমলে নিযুক্ত পিএসসির চেয়ারম্যান ড. এ এস এম এ ফায়েজ পেয়েছেন ৪শ' ৭০ ভোট। সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন সাদা দলের প্রার্থী রাষ্ট্রবিজ্ঞানের সহযোগী অধ্যাপক ও গত কমিটির সাধারণ সম্পাদক মোঃ ফেরদৌস হোসেন। তিনি পেয়েছেন ৫শ' ৩ ভোট। নীল প্যানেলের প্রতিদ্বন্দ্বী প্রার্থী প্রাণরসায়ন বিভাগের অধ্যাপক এবং কর্নেল তাহেরের ভাই ড. মোঃ আনোয়ার হোসেন পেয়েছেন ৪শ' ৬০ ভোট। সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন সাদা প্যানেল থেকে ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধ্যাপক ড. আনোয়ার হোসেন ৪শ' ৯৬। নীল প্যানেলের পরাজিত প্রার্থী ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক এবং জাতীয় সমন্বয় কমিটির সদস্য সচিব আবদুল মান্নান চৌধুরী পেয়েছেন ৪শ' ৫৮ ভোট।

কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন সাদা প্যানেলের প্রার্থী অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ। তিনি পেয়েছেন ৫শ' ভোট। প্রতিদ্বন্দ্বী নীল প্যানেলের প্রার্থী একই বিভাগের অধ্যাপক ড. মোঃ আশরাফউদ্দিন চৌধুরী পেয়েছেন ৪শ' ৭৫ ভোট।

যুগ্ম সম্পাদক নির্বাচিত হয়েছেন নীল প্যানেলের প্রার্থী ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক হাসিবুর রশিদ। তিনি পেয়েছেন ৫শ' ৯ ভোট। প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রার্থী ফিন্যান্স এ্যান্ড ব্যাংকিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম পেয়েছেন ৪শ' ৪১ ভোট।

এছাড়া নীল দল থেকে ৬টি সদস্য পদে বিজয়ী হয়েছেন উদ্ভিদ বিজ্ঞানের অধ্যাপক ড. এ জেড এম নওশের আলী খান ৪শ' ৮৮, ইতিহাসের অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ ৬শ' ২৮, পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ড. মেসবাহ উদ্দিন আহমেদ ৫শ' ৬, বাংলা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান ৪শ' ৯৫, ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. শরিফউল্লাহ ভুঁইয়া ৫শ' ৭ এবং লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. সৈয়দ গিয়াসউদ্দিন আহমেদ ৪শ' ৮৮।

সাদা প্যানেল থেকে ৪টি সদস্য পদে বিজয়ী হয়েছেন নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আনোয়ার উল্লাহ চৌধুরী ৫শ' ৯ ভোট, পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার ৫শ' ৪৯, ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আবদুল মমিন চৌধুরী ৪শ' ৯১ এবং উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক জিন্নাতুন নিসা তাহমিদা বেগম ৫শ' ভোট।